

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫১

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৯২. যে ব্যক্তি বলেন: আমি মৃত্যু বরণ করলে তোমরা আমার দেহটাকে আগুন দিয়ে পুড়িয়ে ফেলবে

باب فِيمَنْ قَالَ إِذَا مُتُ فَأَحْرِقُونِي بِالنَّارِ

আরবী

أَخْبَرَنَا النَّصْرُ بْنُ شُمَيْلٍ قَالَ أَخْبَرَنَا بَهْزُ بْنُ حَكِيمٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ كَانَ عَبْدٌ مِنْ عِبَادِ اللَّهِ وَكَانَ لَا يَدِينُ لِلَّهِ دِينًا وَإِنَّهُ لَبِثَ حَتَّى ذَهَبَ مِنْهُ عُمُرٌ وَبَقِيَ عُمُرٌ فَعَلِمَ أَنَّهُ لَمْ يَبْتَئِرْ عِنْدَ اللَّهِ خَيْرًا فَدَعَا بَنِيهِ فَقَالَ أَيُّ أَبِ حَتَّى ذَهَبَ مِنْهُ عُمُرٌ وَبَقِيَ عُمُرٌ فَعَلِمَ أَنَّهُ لَمْ يَبْتَئِرْ عِنْدَ اللَّهِ خَيْرًا فَدَعَا بَنِيهِ فَقَالَ أَيُّ أَبِ عَنْدَ مَعْلَمُونِي قَالُوا خَيْرُهُ يَا أَبَانَا قَالَ فَإِنِي لَا أَدَعُ عِنْدَ أَحَد مِنْكُمْ مَالًا هُوَ مِنِي إِلَّا أَخَذْتُهُ مِنْكُمْ وَلَكُمُ تَعْلَقُونِي قَالَ أَعْلَ أَنَّ اللَّهِ عَيْرًا فَدَوْنِي فَا لَوْ وَبَي الرَّهِ فَاللَّ هُوَ مِنِي إِلَّا أَخَذْتُهُ مِنْكُمْ أَوْلَ لَتَقْعَلُنَ مَا آمُرُكُمْ قَالَ فَأَخَذَ مِنْهُمْ مِيثَاقًا وَرَبِي قَالَ أَمَّا أَنَا إِذَا مُتُ فَخُذُونِي فَأَحْرِقُونِي الرَّيحِ قَالَ فَعَلُوا ذَلِكَ بِهِ وَرَبِّ مُحَمَّد بِالنَّارِ حَتَّى إِذَا كُنْتُ حُمَمًا فَدُقُونِي ثُمَّ انْرُونِي فِي الرِّيحِ قَالَ فَقَعَلُوا ذَلِكَ بِهِ وَرَبِّ مُحَمَّد بِالنَّارِ حَتَّى إِذَا كُنْتُ حُمَمًا فَدُقُونِي ثُمَّ انْرُونِي فِي الرِّيحِ قَالَ فَعَلُوا ذَلِكَ بِهِ وَرَبِ مُحَمَّد بِالنَّارِ مَتَى إِنَا كُنْتُ حُمَمًا فَدُونِي تَعْرُضَ عَلَى رَبِّهِ فَقَالَ مَا حَمَلَكَ عَلَى النَّارِ قَالَ خَشْرُنُ يَا رَبِّ قَالَ إِنِي أَسُمَعُكَ لَرَاهِبًا قَالَ فَتِيبَ عَلَيْهِ قَالَ أَبُو مُحَمَّد يَبْتَئِرُ يَدَّرُ لَا فَي عَلَى النَّارِ قَالَ فَي الرَّهِ مُعَلَى اللَّا فَي عَلَى النَّارِ قَالَ اللَّهُ عَلَى النَّارِ قَالَ عَلَى النَّارِ عَلَى اللَّهُ عُلُولُ الْمَالَ الْمُؤْتِ لَتُهُ عَلَى اللَّهُ عَلَى اللَّا أَلُو مُحَمَّد يَبْتَئِرُ يَدَّرُ فَي الرَاهِ عَلَى النَّالِ اللَّهِ مُحَمَّد يَبْتَئِرُ لَيَا عَلَى النَّا الْمُعُلِى الْمَالَ الْعَلَى اللَّالَ عَلَى اللَّهُ عَلَى النَّهُ مَنَ الْقَالَ مَا حَمَلَكَ عَلَى النَّا إِنَا عَلَى اللَّهُ عَلَى اللَّهُ الْعَلَى الْمَالَقَالَ اللَّهُ عُلُولُ الْمَا عَمَالَا اللَّا الْعَلَى الْمَالَعُتُ عَلَى اللَّهُ الْعَلَى الْمَالَوْلِ الْمَالَال

বাংলা

২৮৫১. বাহায ইবনু হাকীম তার পিতা হতে, তার দাদা সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "(তোমাদের পূর্বের উম্মাতের) আল্লাহর বান্দাদের মধ্যেকার এক বান্দা ছিল, যে আল্লাহর দীনের আনুগত্য করত না। এভাবে সে জীবন যাপন করতে থাকলো, এমনকি তার জীবনের কিছু অংশ অতিবাহিত হয়ে গেলো আর কিছু অংশ অবশিষ্ট রইল। এসময় সে বুঝতে পারলো যে, সে (তার আখিরাতের জীবনের জন্য) আল্লাহর নিকট কোন নেককাজই সঞ্চয় করেনি। সে তার ছেলেদের ডেকে বলল, পিতা হিসেবে তোমরা আমাকে কেমন জানো? তারা বললো, হে আমাদের পিতা, ভাল (বলেই জানি)। সে বললো, অবশ্যই আমার নির্দেশ মতো তোমরা কাজ করবে, তা না হলে তোমাদের নিকট থেকে আমার সকল মাল-সম্পদ আমি কেড়ে নেব।

তিনি বলেন, আমার রবের শপথ, এভাবে সে তাদের নিকট থেকে প্রতিশ্রুতি নিল। সে বলল: আমি মারা গেলে তখন তোমরা আমাকে নিয়ে আগুন দিয়ে পুড়িয়ে আমার মৃতদেহ ছাইয়ের গুঁড়ায় পরিণত করবে। অতঃপর আমার ছাই বাতাসে ছড়িয়ে দেবে।



তিনি বলেন, "মুহাম্মদের রবের কসম, সে যখন মারা গেল, তখন তারা তা-ই করলো। অতঃপর (আলমে বারযাখে) তাকে পূর্বের চেয়েও সুন্দর আকৃতিতে নিয়ে আসা হলো এবং তার রবের সামনে পেশ করা হলো। তখন তিনি জিজ্ঞেস করলেন, তোমাকে আগুনে (পোড়ানোর) ব্যাপারে কিসে প্ররোচিত করল? সে বললো, হে রব, একমাত্র আপনার ভয়ই (আমাকে এ কাজ করতে প্ররোচিত করেছে)। তিনি বললেনঃ আমি তোমাকে 'ভীত' (শঙ্কিত)' ব্যক্তি হিসেবে গ্রহণ করলাম।' তিনি বলেন, তখন তাকে মাফ করে দেওয়া হলো।"[1]

আবূ মুহাম্মদ বলেন: يَبْتَئر অর্থ: সঞ্চয় করা।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ।

তাখরীজ: আহমাদ ৫/৩ (সনদ সহীহ) ৫/৫; তাবারাণী, কাবীর ১৯/৪২৩ নং ১০৭৬, ১০৭৭।

এর শাহিদ হাদীস রয়েছে আবু সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে যেটি বুখারী মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন। আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদূল মাউসিলী নং ১০৪৭, ১০৯৮, ৫০৫৫ তে।

এর অপর শাহিদ হাদীস রয়েছে ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১০০২, ৫০৫৬, ৫১০৫ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ বাহ্য ইবনু হাকীম (রহঃ)

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন